বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.৪০

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## সার্কুলার

**বিষয়: বর্তমান দর তফসিল বহির্ভূত কোন আইটেম প্রাক্কলনে ব্যবহারের অনুমতি ও আইটেম এর বিশ্লেষণী দর অনুমোদন সংক্রান্ত।**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং ০৭.০০.০০০০.১৫৫.১৪.০০১.২০-৬২০ তারিখঃ ১০ অক্টোবর ২০২২ খ্রিঃ মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দর তফসিল (Schedule of Rates) এর সম্মতি জ্ঞাপন পত্রের শর্তাবলি (ঝ) এ "বিশেষ কোন কাজের ক্ষেত্রে বর্তমান দর তফসিল বহির্ভূত কোন আইটেম ব্যবহারের প্রয়োজন হলে দপ্তর/সংস্থা প্রধানের অনুমতি সাপেক্ষে বাজার দর অনুযায়ী উক্ত আইটেমের বিশ্লেষণী দর অর্থ বিভাগের সর্বশেষ আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী অনুমোদন করা যাবে" মর্মে নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও অন্যান্য সরকারী সংস্থা/দপ্তরের দর তফসিলে অন্তর্ভূক্ত নয় সেরূপ আইটেম দাপ্তরিক প্রাক্কলনে ব্যবহারের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তসমূহ প্রতিপালন করতে হবেঃ

ক. দর তফসিল বহির্ভূত কোন কার্য সম্পাদনের আইটেম (বিস্তারিত বিবরণী সহ) ব্যবহারের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমতি নিতে হবে;

খ. মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমতির পর পিপিআর-২০০৮ এর বিধি ১৬(৫ক) এর আলোকে বাপাউবোর সর্বশেষ সার্কুলার অনুযায়ী গঠনকৃত প্রাক্কলন প্রস্তুতকরণ কমিটি কর্তৃক নির্দিষ্ট Template অনুসরণ করে প্রস্তুতকৃত দর বিশ্লেষণী প্রয়োজনীয় তথ্যাদিসহ পর্যালোচনা ও যাচাই-বাছাইয়ের জন্য মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা দপ্তরে প্রেরণ করবেন;

গ. মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত দর বিশ্লেষণীর সহিত নিম্নবর্ণিত তথ্যাবলী আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে;

অ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফসিল বহির্ভূত কোন কার্য সম্পাদনের আইটেম ব্যবহারের জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমতি প্রদানের কপি;

আ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফসিল বহির্ভূত কোন কার্য সম্পাদনের আইটেম ব্যবহারের স্বপক্ষে অনুমোদিত ডিজাইন ও বিস্তারিত কারিগরি প্রতিবেদন;

ই) অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফসিল বহির্ভূত প্রতিটি ভিত্তি আইটেম (Basic Item) এর ক্ষেত্রে প্রাক্কলন প্রস্তুতকরণ কমিটি কর্তৃক যাচাইকৃত কমপক্ষে ০৩ (তিন) টি বাজার দরের প্রমাণক (কমিটির সদস্যগণের প্রত্যয়ন সহ);

ঈ) দর বিশ্লেষণীতে প্রত্যেকটি ভিত্তি আইটেম (Basic Item) এর পরিমাণের স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি;

উ) এছাড়াও ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা কর্তৃক চাহিত অন্যান্য তথ্যাবলী।

ঘ. সিভিল কাজের ক্ষেত্রে ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা দর বিশ্লেষণী পর্যালোচনা ও যাচাই পূর্বক মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন। উল্লেখ্য যে, যান্ত্রিক ও বৈদ্যুতিক কাজের ক্ষেত্রে ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা কর্তৃক সুপারিশসহ পর্যালোচনা ও যাচাইকৃত দর বিশ্লেষণী ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকার মাধ্যমে মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।

ঙ. ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা কর্তৃক পর্যালোচনা ও যাচাইকৃত দর বিশ্লেষণী এবং একক দর সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয় এবং যে সকল দপ্তর/প্রকল্প পরিচালকের দপ্তর প্রধান প্রকৌশলীর অধীনে নয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর প্রধান বা প্রকল্প পরিচালক দর অনুমোদন করবেন।

চ. অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফসিল বহির্ভূত কার্য সম্পাদনের আইটেমের মধ্যে বিশেষ অবকাঠামো বা সুনির্দিষ্ট কোন ব্রান্ডের যন্ত্রপাতি/সরঞ্জাম বা Spare Parts, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের আইটেম এবং ডিজাইন বহির্ভূত আইটেমের দর বিশ্লেষণী ইত্যাদির ক্ষেত্রে ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা দপ্তরে দর বিশ্লেষণী পাঠানোর প্রয়োজন নেই। এক্ষেত্রে প্রাক্কলনে ব্যবহারের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও বোর্ডের সার্কুলার মোতাবেক গঠনকৃত প্রাক্কলন প্রস্তুতকরণ কমিটি কর্তৃক দর তফসিল বহির্ভূত আইটেম এর দর বিশ্লেষণী সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয় বা যে সকল দপ্তর/প্রকল্প পরিচালকের দপ্তর প্রধান প্রকৌশলীর অধীনে নয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর প্রধান বা প্রকল্প পরিচালক দর অনুমোদন করবেন।

২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারি করা হলো।


০৪-১০-২০২৩
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব)
০২২২২২৩০০১৫
se.cpc.bwdb@gmail.com


**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল) ......................, বাপাউবো;
২। প্রকল্প পরিচালক (সকল)......................................................, বাপাউবো;
৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)..................................., বাপাউবো;
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৬। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (সকল) ..................................., বাপাউবো এবং
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, পানি ভবন, ঢাকা।

**"বাপাউবো দর তফশিল-২০২২" বহির্ভূত কোন আইটেম এর বিশ্লেষণী অনুমোদন এবং বাপাউবোর জন্য প্রযোজ্য অর্থ বিভাগের সর্বশেষ আর্থিক ক্ষমতা অর্পণ বিষয়ের উপর ১৪-০৯-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্য বিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এস, এম, শহিদুল ইসলাম<br>মহাপরিচালক, বাপাউবো, ঢাকা । |
| তারিখ | : | ১৪-০৯-২০২৩ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকায়। |
| স্থান | : | মহাপরিচালক মহোদয়ের কক্ষ, লেভেল-৫, বাপাউবো, পানি ভবন। |

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০৯৩.১৮.০০৭.২৩.৮২, তারিখঃ- ১২.০৯.২০২৩ খ্রি. মোতাবেক উপরোক্ত বিষয়ের উপর একটি আলোচনা সভা ১৪.০৯.২০২৩ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকায় পানি ভবনের মহাপরিচালক মহোদয়ের কক্ষ, লেভেল-৫, বাপাউবো তে অনুষ্ঠিত হয়। সভায় বাপাউবোর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (**উপস্থিতি তালিকা সংযুক্ত**)।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় জানান যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক গত ১০-১০-২০২২ খ্রি. তারিখে **"বাপাউবো দর তফশিল-২০২২"** অনুমোদিত হয়। বাপাউবো'র বিভিন্ন কাজ বাস্তবায়নের ক্ষেত্রে নতুন নতুন কিছু কাজের আইটেমের উদ্ভব ঘটে যা অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাপাউবো দর তফশিল বা অন্যান্য সংস্থা/দপ্তরের দর তফশিল বহির্ভূত। এ পর্যায়ে বিস্তারিত আলোচনার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকাকে অনুরোধ করেন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা উপস্থিত সকলকে অবহিত করেন যে, অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৫৫.০০১.২০-৬২০, তারিখঃ ১০ অক্টোবর ২০২২ খ্রি. এর অনুচ্ছেদ (ঝ) মোতাবেক দর তফশিল বহির্ভূত কোন আইটেম ব্যবহারের প্রয়োজন হলে দপ্তর/সংস্থা প্রধানের অনুমতি সাপেক্ষে প্রচলিত বাজারদর অনুযায়ী উক্ত আইটেমের বিশ্লেষণী অর্থ বিভাগের সর্বশেষ আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী অনুমোদন করা যাবে। তিনি আরো বলেন, সাধারণত নিম্ন বর্ণিত ক্ষেত্রে দর তফশিল বহির্ভূত আইটেম এর উদ্ভব হয়ে থাকে:

১। বাপাউবো বা অন্যান্য সংস্থা/দপ্তরের দর তফশিল বহির্ভূত কোন আইটেম ডিজাইনে উল্লেখ থাকলে যেমনঃ- নতুন সাইজ এবং নতুন Strength এর ব্লক, ইলেকট্রিক্যাল অপারেটেড হোয়েস্টিং সিস্টেম ইত্যাদি;

২। ডিজাইনের কারণে বাপাউবোর দর তফশিল এর অন্তর্ভুক্ত কোন আইটেম এর স্পেসিফিকেশন পরিবর্তন হলে;

৩। পূর্ত কাজের (সিভিল, যান্ত্রিক ও বৈদ্যুতিক) সাথে সংশ্লিষ্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ এর আইটেম সমূহ যেমনঃ- যান্ত্রিক/বৈদ্যুতিক কাজের বিভিন্ন আইটেম তথা পাম্প হাউজ, ড্রেজার ও অন্যান্য সরঞ্জামাদির বিভিন্ন পার্টস এর মেরামত ও রক্ষণাবেক্ষণ আইটেম সমূহ উল্লেখযোগ্য।

৪। প্রস্তাবিত প্রকল্পের DPP প্রস্তুত করার সময় কারিগরি কমিটি কর্তৃক নতুন আইটেম এর উল্লেখ থাকলে।

দর তফশিল বহির্ভূত আইটেম এর গঠন নিম্নোক্ত তিন ভাবে হতে পারে;

ক) অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাপাউবো/অন্যান্য দপ্তরের দর তফশিল এ অন্তর্ভুক্ত ভিত্তি আইটেম (Basic Item) এর সমন্বয়ে নতুন আইটেম গঠন;

খ) দর তফশিলে অন্তর্ভুক্ত কিছু ভিত্তি আইটেম (Basic Item) এবং দর তফশিল বহির্ভূত কিছু ভিত্তি আইটেম (Basic Item) এর সমন্বয়ে নতুন আইটেম গঠন;

গ) দর তফশিল বহির্ভূত ভিত্তি আইটেম (Basic Item) এর সমন্বয়ে নতুন আইটেম গঠন।

দর তফশিল বহির্ভূত আইটেম (ক) এর ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাপাউবো/অন্যান্য দপ্তরের দর তফসিল এ অন্তর্ভুক্ত ভিত্তি আইটেম (Basic Item)এর সমন্বয়ে বিশ্লেষণী প্রস্তুত করা যেতে পারে। এছাড়া দর তফশিল বহির্ভূত আইটেম (খ) ও (গ) এর ক্ষেত্রে আইটেমের দর বিশ্লেষণীতে যেসব ভিত্তি আইটেম (Basic Item) এর দর বাপাউবো/অন্যান্য দপ্তরের দর তফসিল এ উল্লেখ নাই এমন ভিত্তি আইটেম (Basic Item) এর প্রতিটির কমপক্ষে ০৩ (তিন)টি বাজার দর যাচাই পূর্বক বিশ্লেষণী প্রস্তুত করা যেতে পারে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃদাঃ), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা বলেন যে, প্রাক্কলন অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগ হতে জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন-২০১৬ তে কোন কিছু উল্লেখ নেই। প্রাক্কলন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও বোর্ডের সার্কুলার মোতাবেক কমিটি গঠন করত দর তফশিল বহির্ভূত আইটেম এর দর বিশ্লেষণী প্রস্তুত করা যেতে পারে। প্রাক্কলন প্রস্তুতকরণ কমিটি কর্তৃক এ দর বিশ্লেষণী বাপাউবো'র কোন কর্তৃপক্ষ অনুমোদন করবেন সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন।

এ প্রসঙ্গে অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিমাঞ্চল), বাপাউবো, ঢাকা বলেন যে, দর তফশিল বহির্ভূত কার্য সম্পাদনের আইটেম এর দর বিশ্লেষণী সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী এবং বৈদেশিক সহায়তাপুষ্ট/বিশেষ প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প পরিচালক কর্তৃক অনুমোদন করা যেতে পারে।

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা বলেন যে, অর্থ মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত দর তফশিল বহির্ভূত কার্য সম্পাদনের আইটেমের দর বিশ্লেষণী অনুমোদনের পূর্বে তা সংশ্লিষ্ট ডিজাইন দপ্তর কর্তৃক যাচাই-বাছাই করে নিতে হবে। এক্ষেত্রে পূর্তকাজ হলে তা ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা যাচাই-বাছাই করবে এবং যান্ত্রিক/বৈদ্যুতিক কাজ হলে তা ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা যাচাই-বাছাই করবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা উপস্থিত সকলকে অবহিত করেন যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফশিল বহির্ভূত কার্য সম্পাদনের আইটেমের মধ্যে যান্ত্রিক/বৈদ্যুতিক কাজের বিভিন্ন আইটেম যথাঃ- পাম্প হাউজ, ড্রেজার ও অন্যান্য সরঞ্জামাদির বিভিন্ন পার্টস এর মেরামত ও রক্ষণাবেক্ষণ আইটেম সমূহ Generalized করা সম্ভব হয়না কারণ ভিন্ন ভিন্ন পাম্প হাউজ, ড্রেজার ও অন্যান্য সরঞ্জামাদি ভিন্ন ভিন্ন কোম্পানি কর্তৃক প্রস্তুত হওয়ায়

তাদের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজও ভিন্ন ভিন্ন এবং একাধিক উৎস হতে দর পাওয়া দূরূহ। এছাড়াও মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের ধরণ/পরিমাণ সরেজমিনে যাচাই এর প্রয়োজন হলে দর পর্যালোচনা কাজ সময়সাপেক্ষ। তবে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফশিল বহির্ভূত যান্ত্রিক/বৈদ্যুতিক ভিত্তি আইটেম (Basic Item) এর ক্ষেত্রে পর্যালোচনার জন্য প্রস্তাবিত দরের অনুকুলে কমপক্ষে ০৩ (তিন)টি বাজার দরের প্রমাণক সংযুক্ত করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত-১:** অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফশিল বহির্ভূত কোন কার্য সম্পাদনের আইটেম (বিস্তারিত বিবরণী সহ) ব্যবহারের জন্য প্রাথমিক ধাপ হিসেবে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমতি নিতে হবে;

**সিদ্ধান্ত-২:** অর্থ মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত দর তফসিল বহির্ভূত এবং অনুমোদিত ডিজাইনে উদ্ভব এমন কার্য সম্পাদনের আইটেমের ক্ষেত্রে কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা কর্তৃক জারীকৃত সার্কুলার অনুয়ায়ী অনুমোদিত প্রাক্কলন প্রস্তুতকরণ কমিটি কর্তৃক নির্দিষ্ট Template অনুসরণ করে প্রস্তুতকৃত দর বিশ্লেষণী প্রয়োজনীয় তথ্যাদিসহ পর্যালোচনা ও যাচাই-বাছাইয়ের জন্য মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা দপ্তরে প্রেরণ করবে;

**সিদ্ধান্ত-৩:** মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত দর বিশ্লেষণীর সহিত নিম্নবর্ণিত তথ্যাবলী আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে;

**ক)** অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফশিল বহির্ভূত কোন কার্য সম্পাদনের আইটেম ব্যবহারের জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমতি প্রদানের কপি;

**খ)** অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফশিল বহির্ভূত কোন কার্য সম্পাদনের আইটেম ব্যবহারের স্বপক্ষে অনুমোদিত ডিজাইন ও বিস্তারিত কারিগরি প্রতিবেদন;

**গ)** অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দর তফশিল বহির্ভূত প্রতিটি ভিত্তি আইটেম (Basic Item) এর ক্ষেত্রে প্রাক্কলন প্রস্তুতকরণ কমিটি কর্তৃক যাচাইকৃত কমপক্ষে ০৩ (তিন)টি বাজার দরের প্রমাণক (কমিটির সদস্যগণের প্রত্যয়ন সহ);

**ঘ)** দর বিশ্লেষণীতে প্রত্যেকটি ভিত্তি আইটেম (Basic Item) এর পরিমানের স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি;

**ঙ)** এছাড়াও ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা কর্তৃক চাহিত অন্যান্য তথ্যাবলী।

**সিদ্ধান্ত-৪:** সিভিল কাজের ক্ষেত্রে ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা দর বিশ্লেষণী পর্যালোচনা ও যাচাই পূর্বক মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবে। উল্লেখ্য যে যান্ত্রিক ও বৈদ্যুতিক কাজের ক্ষেত্রে ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা কর্তৃক

পর্যালোচনা ও যাচাইকৃত দর বিশ্লেষণী সুপারিশসহ ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবে।

**সিদ্ধান্ত-৫:** ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা কর্তৃক পর্যালোচনা ও যাচাইকৃত দর বিশ্লেষণী এবং একক দর সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী এবং যে সকল দপ্তর/প্রকল্প পরিচালকের দপ্তর প্রধান প্রকৌশলীর অধীনে নয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর প্রধান বা প্রকল্প পরিচালক দর অনুমোদন করবে।

**সিদ্ধান্ত-৬:** অর্থ মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত দর তফসিল বহির্ভূত কার্য সম্পাদনের আইটেমের মধ্যে বিশেষ অবকাঠামো বা সুনির্দিষ্ট কোন ব্রান্ডের যন্ত্রপাতি/সরঞ্জাম বা Spare parts, মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজের আইটেম এবং ডিজাইন বহির্ভূত আইটেমের দর বিশ্লেষণী ইত্যাদির ক্ষেত্রে ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা দপ্তরে দর বিশ্লেষণী পাঠানোর প্রয়োজন নেই। এক্ষেত্রে প্রাক্কলন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও বোর্ডের সার্কুলার মোতাবেক প্রাক্কলন কমিটি গঠন করত দর তফশিল বহির্ভূত আইটেম এর দর বিশ্লেষণী সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী বা যে সকল দপ্তর/প্রকল্প পরিচালকের দপ্তর প্রধান প্রকৌশলীর অধীনে নয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর প্রধান বা প্রকল্প পরিচালক দর অনুমোদন করবে।

**সিদ্ধান্ত-৭:** দর তফশিল বহির্ভূত আইটেম ব্যবহারের অনুমতি ও দর অনুমোদনের বিষয়ে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা একটি সার্কুলার জারি করবে।

সভাশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যকলাপের সমাপ্তি ঘোষণা করেন।

(এস, এম, শহিদুল ইসলাম)
মহাপরিচালক
বাপাউবো, ঢাকা।

স্মারক নম্বর: ৮৪১(২)(২১) তারিখঃ ২১/০৭/2025 খ্রিঃ

**বিরতণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. অতিরিক্ত মহাপরিচালক [(ক) পরিকল্পনা, নকশা ও গবেষণা (খ) পশ্চিম রিজিওন, (গ) পূর্ব রিজিওন ], বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী (পুর) [(ক) কেন্দ্রীয় অঞ্চল, (খ) পুর্বাঞ্চল, (গ) উত্তর-পূর্বাঞ্চল, (ঘ) দক্ষিন-পূর্বাঞ্চল, (ঙ) উত্তরাঞ্চল, (চ) উত্তর-পশ্চিমাঞ্চল, (ছ) পশ্চিমাঞ্চল, (জ) দক্ষিন-পশ্চিমাঞ্চল, এবং (ঝ) দক্ষিনাঞ্চল] বাপাউবো, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭. প্রধান প্রকৌশলী (পানি বিজ্ঞান), বাপাউবো, ঢাকা।
৮. প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা।
১১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পিএমইউ ক্লাস্টার, বাপাউবো, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক ................................ (সকল)
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট ও প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
১৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-১/২/৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯, বাপাউবো, ঢাকা।
১৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ...............................(মাঠ পর্যায়ের সকল)
১৭. সিএস ও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১৮. মোঃ মেসবাহুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
১৯. হাসনীন ফাতেমা কানন, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২০. মোঃ মেসবাহুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২১. অফিস কপি।

২১/০৭/২৫

**(মোঃ আমিনুল ইসলাম)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
পরিচিতি নং- ৭৮১১১৬০০১